# দশ শিক্ষক ও ৭১ পরীক্ষার্থী বহিষ্কার ॥ তিন শিক্ষকের কারাদণ্ড

## ফরিদপুরে দাখিল পরীক্ষা

**নিজস্ব সংবাদদাতা, ফরিদপুর, ৯ ফেব্রুয়ারি ।** এসএসসি ও দাখিল পরীক্ষায় ফরিদপুর শহরের মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ৭১ পরীক্ষার্থী ও ১০ শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া তিনজন শিক্ষককে আটক করে এক মাস করে কারাদণ্ড দেয়া হয়েছে। এছাড়া দায়িত্বে অবহেলা করায় ওই কেন্দ্রের কেন্দ্র সচিবের দায়িত্ব থেকে মাওলানা মাহমুদুল হাসানকে অব্যাহতি দেয়া হয়েছে। বৃহস্পতিবার দুপুরে ফরিদপুর সদরের মাদ্রাসা কেন্দ্র ফরিদপুর শহরের সারদা সুন্দরী বালিকা উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। কারাদণ্ডপ্রাপ্ত তিন শিক্ষক হলেন– বাহালুল উলুম মাদ্রাসার অফিস সহকারী ফায়জুর রহমান, বাকিগঞ্জ ইসালিমা ফাজিল মাদ্রাসার অফিস সহকারী আব্দুর রশিদ খান ও আজিজুল উলুম দাখিল মাদ্রাসার অফিস সহকারী জসিম উদদীন। পরীক্ষার্থীরা জানান, বৃহস্পতিবার শারীরিক শিক্ষা বিষয়ের পরীক্ষা চলছিল। লিখিত পরীক্ষা শেষে নৈর্ব্যক্তিক পরীক্ষা শুরু হলে এক শিক্ষক রুমে এসে তাদের সকলকেই 'ক' সেট এর উত্তরপত্র ভরাট করতে বলেন। শিক্ষকের কথামতো প্রায় সকল পরীক্ষার্থীই 'ক' সেট উত্তরপত্র ভরাট করেন। বিষয়টি ওই কেন্দ্রে দায়িত্বরত নির্বাহী হাকিম শাকিলা বিন্তে মতিনের নজরে এলে তিনি বিষয়টি জেলা প্রশাসককে অবহিত করেন। খবর পেয়ে জেলা প্রশাসক উম্মে সালমা তানজিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক প্রতাপ চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মনিরুল ইসলাম ও নির্বাহী হাকিম পারভেজ মল্লিকসহ ঊর্ধতন কর্মকর্তারা ওই পরীক্ষা কেন্দ্রে যান। ঘটনার সত্যতা পেয়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাৎক্ষণিকভাবে ১০ শিক্ষক ও ৭১ পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার এবং তিন শিক্ষককে এক মাস করে বিনাশ্রম করাদণ্ড দেয়া হয়। আদালত পরিচালনা করেন নির্বাহী হাকিম পারভেজ মল্লিক।